

আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নম্বরঃ ৫৭৯

৬. নফল সালাত সমূহ [নফল সালাতের বর্ণনা] (كتاب النوافل)

পরিচ্ছেদঃ ১) দিবা-রাত্রি বারো রাকাআত সুন্নাহ নিয়মিত আদায়ে উদ্বুদ্ধকরণ

الترغيب في المحافظة على اثني عشرة ركعة من السنة في اليوم والليله

আরবী

(صحيح) عن أم حبيبة رملة بنت أبي سفيان رضي الله عنهما قالت سمعتُ رسولَ الله صلى الله عليه وسلم يقولُ ما من عبدٍ مُسلمٍ يُصلي لله تعالى في كل يومٍ اثنتي عشرة ركعة تطوعًا غيرَ فريضةٍ إلا بنى الله تعالى له بيتًا في الجنة أو إلا بُني له بيتٌ في الجنة. رواه مسلم وأبو داود والنسائي والترمذي

বাংলা

৫৭৯. (সহীহ) উম্মে হাবীবা রমলা বিনতে আবু সুফিয়ান (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আমি রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)কে একথা বলতে শুনেছিঃ

”কোন মুসলিম বান্দা যদি আল্লাহ তা’আলার উদ্দেশ্যে দিনে-রাতে ১২ (বারো) রাকাআত নফল- ফরয নয় এমন নামায আদায় করে, তাহলে আল্লাহ তা’আলা তার জন্যে জান্নাতে একটি ঘর নির্মাণ করবেন। অথবা তার জন্যে জান্নাতে একটি ঘর তৈরী করা হয়।”

(হাদীছটি বর্ণনা করেছেন ইমাম মুসলিম ৭২৮, আবু দাউদ ১২৫০, নাসাই ৩/২৬১ ও তিরমিযী ৪১৫, ইবনু মাজাহ ১১৪১)

তিরমিযী আরো অতিরিক্ত বর্ণনা করেনঃ

”أربعًا قبلَ الظُّهرِ، وركعتين بعدها، وركعتين بعدَ المَغْرِبِ، وركعتين بعدَ العِشاءِ، وركعتين قبلَ صلاةِ الغَدَاةِ.

”যোহরের পূর্বে চার রাকাআত এবং পরে দু’রাকাআত, মাগরিবের পর দু’রাকাআত, এশার পর দু’রাকাআত এবং সকাল তথা ফজরের পূর্বে দু’ রাকাআত।” (তিরমিযী ৪১৫)

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ উম্মু হাবীবা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88450>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন